

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২১ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/০৬ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর-০৮.০০.০০০০.৮২১.৮৮.০৮৩.১৬.২২৯—তথ্যপ্রযুক্তির জগতে বাংলাদেশের সুসংহত অবস্থান সুনির্শিতকরণে দূরদৰ্শী ও সুদূরপ্রসারী উদ্যোগ গ্রহণের স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদকে গত ১৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ‘আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড-২০১৬’-তে ভূষিত করা হয়। চারটি খ্যাতনামা প্রতিষ্ঠান—ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব গভর্নেন্স এন্ড কম্পিউটিভনেস; দ্য প্লান ট্রিফিনিও; দ্য গ্লোবাল ফ্যাশন ফর ডেভেলপমেন্ট এবং যুক্তরাষ্ট্রের নিউ হেভেন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস সমিলিতভাবে নিউ ইয়র্কে এক বর্ণাত্য অনুষ্ঠানের মাধ্যমে জনাব সজীব আহমেদ ওয়াজেদকে এই পুরস্কার প্রদান করে।

২। ‘আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড-২০১৬’ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে এবং তাঁর সুযোগ্য পুত্র ও প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৮ আশ্বিন ১৪২৩/০৩ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৫১৯৭)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : $\frac{১৮ \text{ আশ্বিন } ১৪২৩}{০৩ \text{ অক্টোবর } ২০১৬}$

তথ্যপ্রযুক্তির জগতে বাংলাদেশের সুসংহত অবস্থান সুনিশ্চিতকরণে দুরদৰ্শী ও সুদূরপ্রসারী উদ্যোগ গ্রহণের স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদকে গত ১৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ‘আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড-২০১৬’-তে ভূষিত করা হয়। চারটি খ্যাতনামা প্রতিষ্ঠান—ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব গভর্নেন্স এন্ড কম্পিউটিভনেস; দ্য প্লান ট্রিফিনিও; দ্য প্লেবাল ফ্যাশন ফর ডেভেলপমেন্ট এবং যুক্তরাষ্ট্রের নিউ হেভেন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজেনেস সম্মিলিতভাবে নিউ ইয়র্কে এক বর্ণাত্য অনুষ্ঠানের মাধ্যমে জনাব সজীব আহমেদ ওয়াজেদকে এই পুরস্কার প্রদান করে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে আইসিটি খাতে কার্যকর উদ্যোগ গ্রহণে অনন্যসাধারণ নেতৃত্ব প্রদান এবং তৃণমূল পর্যায়ে তথ্যপ্রযুক্তি-সেবা পৌছানোর মাধ্যমে বাংলাদেশের নাগরিকদের জীবনমানের অভূতপূর্ব উন্নয়নসাধনে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব সজীব আহমেদ ওয়াজেদকে এই পুরস্কার প্রদান করা হয়।

উল্লেখ্য যে, জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশন চলাকালে প্রথমবারের মত প্রবর্তিত এই পুরস্কার প্রাপ্তি দেশের জন্য একটি বিরল অর্জন।

প্রধানমন্ত্রী এবং তাঁর সুযোগ্য পুত্রের সম্মিলিত প্রচেষ্টায় গৃহীত বিভিন্ন পদক্ষেপের ফলে ইতোমধ্যে বাংলাদেশ আইসিটি খাতে দেশে-বিদেশে বিভিন্ন সম্মাননা ও পদকে ভূষিত হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের ‘রূপকল্প-২০২১’, ‘রূপকল্প-২০৪১’ বাস্তবায়ন এবং ডিজিটাল বিশ্বের পথে বাংলাদেশকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে জনাব সজীব আহমেদ ওয়াজেদ-এর অগ্রগণ্য ভূমিকা রয়েছে। তাঁর সার্বিক উদ্যোগ দেশে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়ন এবং সুশাসন নিশ্চিতকরণে অন্যতম অনুঘটক হিসেবে কাজ করছে। তাঁর নিরস্তর কর্মপ্রয়াস জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বামৈর ‘সোনার বাংলা’ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

তাঁর এই পুরস্কার অর্জন আন্তর্জাতিক পরিম্বলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এ প্রেক্ষাপটে ‘আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড-২০১৬’ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে ও তাঁর সুযোগ্য পুত্র এবং প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd